শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ


ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ
web:www. jhenaidah pbs.org
ফোন ঃ ০৪৫১-৬২৬০৫ (Office), ০৪৫১-৬২২৪৫ (PABX)
ISO 9001:2015 Certified ফ্যাক্স ঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইল ঃ jhenaidah_pbs@ yahoo.com


মুজিব শতবর্ষ

স্মারক নং- ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২২. ৬৩২৭

তারিখঃ ০১ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

## বিষয়ঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং "ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২)" এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | বিলিং সুপারভাইজার | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে। | (ক) প্রার্থীর নূন্যতম ০৭ (সাত) বছর নিয়মিত হিসাবে বিলিং সহকারী পদে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) অবশ্যই বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুপমেন্ট পরিচালনায় সামর্থ্য থাকতে হবে।<br>(গ) বাংলা প্রতি মিনিটে ন্যনতম ১০ (দশ) শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ন্যনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(ঘ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় সকল যোগ্যতা থাকতে হবে।<br>(ঙ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(চ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে। |

০১) আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতা/ স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে বিলিং সহকারী পদে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ আগামী ২৬/০৭/২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, রাউতাইল, এ স্বাস্থ্য বিধি মেনে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২) আবেদনপত্রের সহিত নিম্নে বর্নিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণ সমূহের কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ছ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(জ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
(ঝ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

**চলমান পাতা-২**

**০৩) পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

**০৪) পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের ''পদ বিবরনী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।
(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
(গ) "ঝিনাইদহ পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ২০১২)" এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৬) পবিস নির্দেশিকা ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূলবেতন সংরক্ষণ করা হবে।

০৭) পদোন্নতির ক্ষেত্রে জেলাকোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকার (ঝিনাইদহ সদর, কালীগঞ্জ, কোটচাঁদপুর, মহেশপুর, হরিণাকুন্ডু ও শৈলকুপা) উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৮) পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

০৯) ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "ঝিনাইদহ পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

১১) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও অত্র সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২) নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৩) নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ/-
( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ ( বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ )।**

০১) নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার--------------------পবিস-১/২/৩/৪।
০৫) নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ঝিনাইদহ।
০৬) ডিজিএম, শৈলকুপা/ মহেশপুর/ কালীগঞ্জ/ হরিনাকুন্ডু জোনাল অফিস, সদর-কারিগরী, ঝিনাইদহ পবিস।
০৭) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
০৮) এজিএম (অর্থ/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস), ঝিনাইদহ পবিস।
০৯) এজিএম (আইটি), ঝিনাইদহ পবিস- **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১০) নোটিশবোর্ড, ঝিনাইদহ পবিস।
১১) অফিস কপি।

২৮/৭/২২
( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার